# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ**

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


**ডিওএস সার্কুলার লেটার নং-০৪**

তারিখ ঃ **১০ মাঘ ১৪২৮**
**২৪ জানুয়ারি ২০২২**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

**করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ জানুয়ারি ২০২২ তারিখের স্মারক ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪২-এ আরোপিত বিধি-নিষেধ এর প্রেক্ষিতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ব্যাংকিং কার্যক্রম পরিচালনের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

০১। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক রোস্টারিং এর মাধ্যমে অর্ধেক সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে আবশ্যকীয় ব্যাংকিং সেবা অব্যাহত রাখার নিমিত্তে প্রয়োজনের নিরিখে স্বীয় বিবেচনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

০২। অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কার্যক্রম ভার্চুয়ালি সম্পন্ন করবেন।

০৩। ব্যাংকে আগত সেবাগ্রহীতাদের আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশাবলী কঠোরভাবে পরিপালন করতে হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩